

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬২৪

১/ বিবিধ

আরবী

من اكتحل بالإثمد يوم عاشوراء لم يرمد أبدا  
موضوع

أورده ابن الجوزي في "الموضوعات" من طريق الحاكم عن جوير عن الضحاك عن ابن عباس مرفوعا. وقال (2 / 204): "قال الحاكم: أنا أبرأ إلى الله من عهدة جوير". وأما السيوطي فكأنه أقره في "اللآلي" فإنه قال عقبه (2 / 111): "قلت: أخرجه البيهقي في "شعب الإيمان" عن الحاكم وقال: إسناده ضعيف بمرّة، وجوير ضعيف، والضحاك لم يلق ابن عباس". ثم ساق له شاهدا من حديث أبي هريرة رواه ابن النجار، وفيه إسماعيل بن معمر قال السيوطي: "قال في "الميزان": ليس بثقة فالعجب منه كيف سها عن هذا فأورده في "الجامع الصغير"! وقد تعقبه المناوي بما نقله. عن السخاوي أنه قال عقب قول الحاكم السابق: "بل هو موضوع". ونقل نحوه عن ابن رجب، ونقل الشيخ القاري في "موضوعاته" (ص 122) عن ابن القيم أنه قال: "وأما أحاديث الاكتحال والادهان والتطيب يوم عاشوراء فمن وضع الكذابين، وقابلهم آخرون فاتخذوه يوم تألم وحزن، والطائفتان مبتدعتان خارجتان عن السنة، وأهل السنة يفعلون ما أمر به النبي صلى الله عليه وسلم من الصوم، ويجتنبون ما أمر به الشيطان من البدع

৬২৪ । যে ব্যক্তি আশুরার দিবসে ইছমিদ নামক পাথরের সুরমা ব্যবহার করবে। সে কখনও ঝাপসা দেখবে না।

হাদীছটি জাল।

এটিকে ইবনুল জাওয়ী “আল-মাওয়ু‘আত” গ্রন্থে হাকিমের সূত্রে যুওয়াইবীর হতে তিনি যাহহাক হতে ... বর্ণনা করেছেন। ইবনুল জাওয়ী (২/২০৪) বলেনঃ হাকিম বলেছেনঃ আমি আল্লাহর নিকট যুওয়াইবীরের যিস্মা হতে মুক্ত।

সুযুতী যেন “আল-লাআলী” (২/১১১) গ্রন্থে তার বক্তব্যকে সমর্থন করেছেন। কারণ তিনি বলেছেন যে হাদীছটি বাইহাকী “শু‘আবুল ঈমান” গ্রন্থে হাকিম হতে বর্ণনা করে বলেছেনঃ এর সনদ একেবারে দুর্বল, যুওয়াইবীর দুর্বল আর যাহহাকের ইবনু আব্বাস (রাঃ)-এর সাথে সাক্ষাৎ ঘটেনি। অর্থাৎ সনদে বিচ্ছিন্নতা (মুনকাতি) রয়েছে।

সুযুতী আবু হুরাইরাহ (রাঃ) হতে তার একটি শাহেদ উল্লেখ করেছেন। যেটি ইবনুন নাজ্জার বর্ণনা করেছেন। তার সনদে ইসমাঈল ইবনু মামার রয়েছে, সুযুতী তার সম্পর্কে বলেনঃ “আল-মীযান” গ্রন্থে এসেছে তিনি নির্ভরযোগ্য নন।

আশ্চর্যের ব্যাপার এই যে, তিনি কিভাবে ভুলে গেলেন আর "আল-জামেউস সাগীর" গ্রন্থে উল্লেখ করলেন। এ কারণেই মানবী সাখাবীর কথা নকল করে তার সমালোচনা করেছেন। সাখাবী হাকিমের পূর্বোক্ত কথার পরেই বলেছেনঃ বরং এটি বানোয়াট। ইবনু রাজাব হতেও অনুরূপ কথা বর্ণনা করা হয়েছে। শাইখ আল-কারী তার "মাওয়ু‘আত" (পৃঃ ১২২) গ্রন্থে ইবনুল কাইয়িম হতে বর্ণনা করেছেন, তিনি বলেনঃ আশুরার দিবসকে উপলক্ষ করে সুরমা ব্যবহার, তেল লাগানো এবং সুগন্ধি ব্যবহার সম্পর্কে যত হাদীছ বর্ণিত হয়েছে তার সবই মিথ্যুকদের বানানো। আরেকটি দল এ দিনটি তাদের কষ্টের এবং দুঃখের দিন হিসাবে গ্রহণ করেছে। উভয় দলই বিদ'আতী, সূন্নাত বহির্ভূত কর্মে লিপ্ত। আহলে সূন্নাতের দল নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সূন্নাতের উপর আমলার্থে এ দিনে সওম পালন করে শয়তান নির্দেশিত সকল প্রকার বিদ'আত হতে বেঁচে থাকে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71503>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন